

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৬৮(আগরতলা, ০৬।০৩)

কুমারঘাট, ০৬ মার্চ, ২০১৯

কুমারঘাট পুর এলাকার সুবিধাভোগীদের মধ্যে রান্নার গ্যাস সংযোগ

ভারত সরকারের একটি অন্যতম জনকল্যাণ প্রকল্প প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় বিনামূল্যে গ্যাস সংযোগ দেওয়ার কর্মসূচি সারা রাজ্যের সাথে কুমারঘাট মহকুমায়ও বাস্তবায়িত হচ্ছে। এই কর্মসূচিতে গতকাল মহকুমার বিমল সিনহা শপিং কমপ্লেক্সে কুমারঘাট পুর এলাকার ১৪৩টি পরিবারে বিনামূল্যে গ্যাস সংযোগ দেওয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক ভগবান দাস। সুবিধাপ্রাপকদের হাতে গ্যাস সিলিভার, গ্যাস চুল্লি সহ গ্যাস সংযোগের যাবতীয় সরঞ্জাম তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক ভগবান দাস বলেন, দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নারীদের সম্মান জানাতে এই জাতীয় একটি সুন্দর প্রকল্প হাতে নিয়েছেন। তিনি বলেন, এই প্রকল্পের সূচনা দেশে অনেক আগেই শুরু হয়েছিল। রাজ্যে নতুন সরকার প্রতিষ্ঠার পর প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় বিনামূল্যে গ্যাস সংযোগ দেওয়ার কাজ দ্রুত হচ্ছে। তিনি আরও বলেন, শুধু প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনাই নয়, রাজ্যে কেন্দ্রীয় সরকার যে সকল উন্নয়নমূলক কর্মসূচি হাতে নিয়েছে তার সঠিক বাস্তবায়ন হচ্ছে।

অনুষ্ঠানে বিধায়ক শ্রীদাস সুবিধাভোগী কয়েকজনের হাতে গ্যাস সংযোগের যাবতীয় সরঞ্জাম তুলে দেন। স্বাগত ভাষণ দেন মহকুমা শাসক সন্দীপ চক্রবর্তী। সভাপতিত্ব করেন সমাজসেবী তরুণ সাহা। উপস্থিত ছিলেন সমাজসেবী কার্তিক দাস, অনিমেষ সিনহা, রঞ্জু দেবনাথ, মানিক দেব, সেলিমউদ্দিন খান প্রমুখ।
